



তথ্যবিবরণী

নম্বর- ০১১

হাসপাতালে রোগীদের জন্য নিরাপদ খাবার নিশ্চিত করার আহ্বান খাদ্যমন্ত্রীর

রাজশাহী; ২৫ আষাঢ় (০৯ জুলাই):

হাসপাতালে ভর্তি রোগীদের জন্য নিরাপদ খাবার নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। তিনি বলেন, হাসপাতালে রোগী আসে সুস্থ হতে, নষ্ট বা পঁচা খাবার খেয়ে যেন আরও অসুস্থ না হয় সেদিকে নজর দিতে হবে।

আজ মঙ্গলবার (৯ জুলাই) দুপুরে নিয়ামতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে উপজেলা হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ আহ্বান জানান।

খাদ্যমন্ত্রী বলেন, হাসপাতালের সুষ্ঠু ব্যবস্থাপনা ও চিকিৎসা সেবার মান উন্নয়নে ডাক্তার ও কর্মচারীদের আন্তরিকতার সাথে কাজ করতে হবে। ডাক্তারের একটু ভালো ব্যবহার রোগীদের দ্রুত সুস্থ করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। হাসপাতালে সেবা নিতে আসা কেউ যেন হয়রানির শিকার না হয় সেটি নিশ্চিত করতে হবে।

তিনি বলেন, অহেতুক এন্টিবায়োটিক ঔষধ প্রেসক্রিপশন করা থেকে ডাক্তারদের বিরত থাকতে হবে। অহেতুক এন্টিবায়োটিক ব্যবহার দীর্ঘমেয়াদে রোগীর উপকারের চেয়ে ক্ষতি বেশি করে।

সরকারি ঔষধ বিনামূল্যে বিতরণের জন্য হাসপাতালে দেওয়া হয় উল্লেখ করে তিনি বলেন, এটি সঠিকভাবে বিতরণ করা হচ্ছে কিনা তা মনিটরিং করতে হবে। একই সাথে যে ঔষধ প্রয়োজন নেই কেন্দ্রীয় ঔষধাগারে সে ঔষধের চাহিদা প্রেরণ না করার পরামর্শ দেন খাদ্যমন্ত্রী।

তিনি আরও বলেন, রোগীদের খাবার সরবরাহে যেন বিনির্দেশ মোতাবেক খাবার দেওয়া হয়, সেদিকে লক্ষ্য রাখতে হবে। এসময় হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সদস্যদের রোগীর খাবার হিসেবে কী দেওয়া হচ্ছে তা তদারকি করারও আহ্বান জানান তিনি।

নিয়ামতপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান ফরিদ আহম্মেদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় নিয়ামতপুর উপজেলা নির্বাহী অফিসার মো: ইমতিয়াজ মোর্শেদ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ডাঃ মোঃ মাহবুব-উল আলম, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ আল মাহমুদ, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রায়হান কবির রাজু এবং মহিলা ভাইস চেয়ারম্যান নাজমিন আরা খাতুন উপস্থিত ছিলেন।

কামাল/তৌহিদ/আতিক/রুহুল/২০২৪/১৬:০০ ঘ.